



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বরগুনা সদর, বরগুনা।
(www.sadar.barguna.gov.bd)



স্মারক নম্বর- ০৫.১০.০৪২৮.০০৪.০১.০১৬.১৬- ৯৪৬

তারিখ: ০১ ভাদ্র ১৪২৯
১৬ আগস্ট ২০২২

ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম পুলিশ (দফাদার/মহল্লাদার) নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ (সংশোধিত ২০১৬ ও ২০১৭) মোতাবেক বরগুনা জেলাধীন সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নসমূহে দফাদার ও মহল্লাদার পদে আত্মহী প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র হাতে হাতে অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আগামী ১৫.০৯.২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। উল্লেখ্য ইতিপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

| ক্রম | ইউনিয়নের নাম | পদের নাম ও সংখ্যা | শূন্য ওয়ার্ডের নাম | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|------|---------------|---------------------|---------------------|-------------------|--|
| ০১. | বদরখালী | মহল্লাদার দফাদার | ১,২,৩ ও ৮ | ০৪ ০১ | (ক) পদের নাম: দফাদার পদোন্নতির মাধ্যমে: মহল্লাদার পদে অনূন ৭(সাত) বছরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ০২. | ফুলঝুড়ি | মহল্লাদার | ৪,৬ ও ৯ | ০৩ | |
| ০৩. | কেওড়াবুনিয়া | মহল্লাদার | ১,২ ও ৬ | ০৩ | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪. | আয়লাপাতাকাটা | মহল্লাদার দফাদার | ১ ও ৩ | ০২ ০১ | (খ) পদের নাম: মহল্লাদার সরাসরি নিয়োগের মাধ্যমে: কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অনূন ৮ম শ্রেণি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। বয়স: অনূর্ধ্ব ৩০ বছর। বেতন: উভয় পদের বেতন ভাতাদি সরকারী বিধি মোতাবেক প্রাপ্য হবেন। |
| ০৫. | বুড়িরচর | দফাদার | প্রযোজ্য নয় | ০১ | |
| ০৬. | বরগুনা সদর | মহল্লাদার দফাদার | ৭ | ০১ ০১ | |
| ০৭. | এম বালিয়াতলী | মহল্লাদার | ৪ ও ৫ | ০২ | |

আবেদন পূরণ সংক্রান্ত অন্যান্য শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্র ডাকযোগে অথবা হাতে হাতে আগামী ১৫.০৯.২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে। আবেদনকারীকে নিজ নিজ ইউনিয়নের শূন্য পদের বিপরীতে দফাদার পদের জন্য খাকী খামে, মহল্লাদার পদের জন্য হলুদ খামে আবেদন করতে হবে। খামের উপর আবেদনকারীর পদের নাম, ইউনিয়নের নাম ও ওয়ার্ডের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০২। স্বহস্তে লিখিত আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতার বিবরণ, নিজ জেলা, জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শারীরিক যোগ্যতার পরিমাপ ও কোটা ইত্যাদির উল্লেখপূর্বক আবেদনপত্র লিখতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক ওয়ার্ড নং উল্লেখপূর্বক নাগরিকত্বের সনদ পত্র, জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে। পরীক্ষার দিন সকল কাগজ পত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।

০৪। আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা এর বরাবরে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরত যোগ্য) সংযুক্ত করতে হবে।

০৫। ১৫.০৯.২০২২ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে ১৮ থেকে ৩২ বছর হতে হবে।

০৬। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

০৭। সরকার জারীকৃত সকল প্রকার কোটা নীতি অনুসরণ করা হবে। চাকুরীর প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৮। দফাদার পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ দেয়া হবে। তবে পদোন্নতিযোগ্য গ্রাম পুলিশ না থাকলে সে ক্ষেত্রে সরাসরি নিয়োগ প্রদান করা হবে।
০৯। আবেদনকারীর পিতা/মাতা গ্রাম পুলিশ (দফাদার ও মহান্দার) পদে চাকুরীরত থাকলে/চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করে থাকলে সে বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট থেকে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১০। কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তভাবে মনোনয়নের জন্য প্রার্থীগণকে পুলিশ ভেরিফিকেশন সার্টিফিকেট দাখিল ও স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ডের সম্মুখে হাজির হতে হবে।

১১। শারীরিক যোগ্যতা: (উভয় পদের জন্য)

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-


- (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি
- (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)
- (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি

মহিলা প্রার্থীর ক্ষেত্রে:

- (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট
- (খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)
- (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি

১২। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাকাটিকেট যুক্ত ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১৩। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।


(মোঃ কাওছার হোসেন) ২৬/০৮
উপজেলা নির্বাহী অফিসার ২০২২

ও

সভাপতি

গ্রাম পুলিশ নিয়োগ ও যাচাই-বাহাই কমিটি

বরগুনা সদর, বরগুনা।

ফোনঃ ০৪৪৮-৬২৬৪৯

unobarguna@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.১০.০৪২৮.০০৪.০১.০১৬.১৬- ৯৪৬/১

তারিখ: ০১ ভাদ্র ১৪২৯
১৬ আগস্ট ২০২২।

অনুলিপি সদর অবগতির জন্য:

- ১. জেলা প্রশাসক, বরগুনা।
- ২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরগুনা।
- ৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।

অনুলিপি- কার্যার্থে:

- ৪. সহকারী কমিশনার (ভূমি), বরগুনা সদর, বরগুনা।
- ৫. অফিসার- ইনচার্জ, বরগুনা থানা।
- ৬. উপজেলা প্রকৌশলী, বরগুনা সদর, বরগুনা।
- ৭. উপজেলা আনসার ও ভিজিপি কর্মকর্তা ও সদস্য সচিব, গ্রাম পুলিশ নিয়োগ ও যাচাই-বাহাই কমিটি, বরগুনা সদর, বরগুনা।
- ৮. সহকারী প্রোগ্রামার, বরগুনা সদর, বরগুনা। তাকে নিয়োগ বিজ্ঞপ্তি এ কার্যালয়ের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৯. উপজেলা কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা।
- ১০. চেয়ারম্যান..... ইউপি (সকল), বরগুনা সদর। তাকে ইউনিয়ন পরিষদ ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন ভবন বা ভায়ন এবং হাট-বাজারে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১১. সচিব -----ইউনিয়ন পরিষদ (সকল), বরগুনা সদর, বরগুনা। তাকে নিয়োগ বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য তার এলাকায় মাইকিং করার জন্য বলা হলো।।
- ১২. জনাব.....
- ১৩. অফিস কপি।